# কুমিল্লা সিটি কর্পোরেশন

নগর ভবন, কুমিল্লা

(cocc.portal.gov.bd)

## কুমিল্লা সিটি কর্পোরেশনের ৮৪তম সভার কার্যবিবরণী।

সভাপতি : আরফানুল হক রিফাত
মেয়র
কুমিল্লা সিটি কর্পোরেশন

তারিখ : ২৬/০২/২০২৩খ্রি.

সময় : সকাল ১১.০০ঘটিকা

স্থান : সিটি কর্পোরেশনের অতীন্দ্র মোহন রায় সম্মেলন কক্ষ।

উপস্থিত সদস্যদের নামের তালিকা: পরিশিষ্ট 'ক'

পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু হয়। সভাপতি উপস্থিত সংরক্ষিত আসনের সম্মানিত সকল কাউন্সিলর, সাধারণ আসনের সম্মানিত সকল কাউন্সিলর, সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা ড. সফিকুল ইসলাম সভার কার্যক্রম পরিচালনা করেন।

০২। আলোচনা ও সিদ্ধান্তসমূহ:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:** প্রধান নির্বাহী কর্মকর্তা গত ২৩/০১/২০২৩খ্রি. সভার কার্যবিবরণী বিস্তারিত পাঠ করে শুনান এবং কারো কোন আপত্তি/সংশোধনী আছে কিনা জানতে চান। সভার কার্যবিবরণী পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে সভায় উপস্থাপন করা হয়।<br>**সংশোধনী:** উক্ত সভার কার্যবিবরণীর আলোচ্যসূচি নম্বর ৬ বিবিধ-(গ): ঝাড়ুদারের মজুরী সংক্রান্ত সিদ্ধান্ত হবে নিম্নরুপ-<br>''১৯-২৭নং ওয়ার্ডে লেবার ও ঝাড়ুদারের কাজ করে শুধুমাত্র এমন **পুরুষ কর্মীদের** অন্যান্য দৈনিক হাজিরাভিত্তিক শ্রমিকের সমহারে মজুরী প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।''<br>**(ii)** আলোচ্যসূচি নম্বর-০৩ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা **''মো: মোস্তাফিজুর রহমান''** এর স্থলে **'' মো: মাসুদুর রহমান''** শব্দগুলো প্রতিস্থাপিত হবে। | ২৩/০১/২০২৩খ্রি. সভার কার্যবিবরণীর বিষয়াদির ওপর কারো কোন আপত্তি না থাকায় সংশোধনীসহ উক্ত কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ সভায় সর্বসম্মতভাবে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হলো। | বিভাগ ও শাখা প্রধান(সকল) |
| ০২. | **বিগত সভার সিদ্ধান্তের ওপর গৃহীত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা:** প্রধান নির্বাহী কর্মকর্তা ২৩/০১/২০২৩খ্রি. সভার সিদ্ধান্তের ওপর গৃহীত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।<br>**(ii)** বিগত ০৬ মাসে অনুষ্ঠিত সিটি কর্পোরেশনের মাসিক সাধারণ সভাগুলোতে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী মাসিক সভায় উপস্থাপনের বিষয়ে গুরুত্বারোপ করে সভায় আলোচনা হয়। | জুলাই ২০২২ থেকে ডিসেম্বর ২০২২ পর্যন্ত- এ ০৬ মাসে সিটি কর্পোরেশনের মাসিক সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি (যে কর্মকর্তার ক্ষেত্রে যা প্রযোজ্য) পরবর্তী মাসিক সভায় প্রতিবেদন আকারে উপস্থাপনের জন্য সকল বিভাগ ও শাখা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | বিভাগ ও শাখা প্রধান(সকল) |
| ০৩. | **মাসিক আয়-ব্যয় বিবরণী উপস্থাপন:** প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মো: মাসুদুর রহমান সিটি কর্পোরেশনের বিভিন্ন শাখার রাজস্ব আদায় বিবরণী সভার সম্মানিত সদস্যদের অবহিতির জন্য উপস্থাপন করেন। সভায় রাজস্ব আদায়ের তুলনামূলক তথ্য বিশ্লেষণ ও পর্যালোচনা করা হয়।<br>**(ii)** জানুয়ারি ২০২৩ মাসের সিটি কর্পোরেশনের রাজস্ব আয় ও ব্যয়ের সারসংক্ষেপ নিম্নরুপ-<br>আয়: ৩,৪৬,২১,০৩৮/- টাকা; ব্যয়: ৩,১০,৬৩,১৯৯/- টাকা | রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনে মাঠ পর্যায়ে চলমান রাজস্ব আদায় টিমের কার্যক্রম আরও জোরদার করতে হবে। | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা<br>প্রধান রাজস্ব কর্মকর্তা |

০৪.

**উন্নয়ন কর্মকান্ড সংক্রান্ত:** সভাপতির অনুমতিক্রমে প্রধান প্রকৌশলী জনাব গৌতম প্রসাদ চৌধুরী চলমান ও সমাপ্তকৃত উন্নয়ন প্রকল্পের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনার পর চলমান ও সমাপ্তকৃত প্রকল্পের অগ্রগতি ও গুণগত মান সম্পর্কে সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

(ii) প্রধান প্রকৌশলী কর্তৃক নিম্নলিখিত প্রাক্কলন/সংশোধিত প্রাক্কলন অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

| | | |
|---|---|---|
| ১. | নগর ভবনের Fire Extinguisher system upgrade এর লক্ষ্যে মালামাল ক্রয় ও স্থাপন কাজ। | ৩,১১,৮৪৩.০০ |
| ২. | ক) সিটি পার্কে বঙ্গবন্ধু ম্যুরাল মেরামত কাজ ওয়ার্ড নং-১০, খ) আলেখারচর মুক্তিযুদ্ধ ভাস্কর্য রংকরণ। | ৩,৬২,৮০৮.০০ |
| ৩. | বিজিবি, সেক্টর সদর দপ্তর হতে বর্ডার গার্ড পাবলিক স্কুল পর্যন্ত বিটুমিনাস কার্পেটিং রাস্তা সংস্কার কাজ। | ৪,৯৮,৪৭২.০০ |
| ৪. | ঢাকা মেট্রো-১৩০০৬৯ ডাবল কেবিন পিকআপ মেরামত করণ। | ৫,৪৯,৯৩০.০০ |
| ৫. | কুমিল্লা রেড ক্রিসেন্ট অফিস মেরামত কাজ। | ৬,৩৩,৬৫০.০০ |
| ৬. | কুমিল্লা-চট্রগ্রাম ট্র্যাংক রোডের প্রবেশ পথে স্বাগতম তোরণ/গেইট নির্মাণ কাজ। | ৭,৫১,৮৬৯.০০ |
| ৭. | কুমিল্লা সিটি কর্পোরেশন এলাকায় রেইসকোর্স খাল খনন ও পরিষ্কার কাজ। | ৩,৩২,৩৭০.০০ |
| ৮. | ক) চকবাজার বাসটার্মিনাল বালু দ্বারা ভরাটকরণ, খ) মেয়র মহোদয়ের ব্যক্তিগত অফিস কক্ষের জন্য ফার্নিচার ও থাই গ্লাসের দরজা স্থাপন কাজ। | ৪,৩৮,৮০৯.০০ |
| ৯. | বুলডোজার-০২ মেরামত করণ। | ২,৮৩,০৮০.০০ |
| ১০. | সোনালিকা-০৪ গার্ভেজ ট্রাক্টর বডি মেরামত(৪১৯৬৭-২১-১০০০১) | ২,৮৬,৭১৯.০০ |
| ১১. | গার্ভেজ ট্রাক্টর(১১-১০৯২) বডি মেরামত(৪১৯৬৭-২১-১০০০২) | ২,৮০,৮৪২.০০ |
| ১২. | ০৬(ছয়)টি লোহার ডাস্টবিন তৈরী | ২,৬৯,৭৬৯.০০ |

**(iii) ডিপিপি বাস্তবায়ন:** প্রধান প্রকৌশলী ডিপিপি কাজের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। ওয়ার্ডভিত্তিক কাজের তালিকা সকল সদস্যকে সরবরাহ করা হয়। তিনি জানান, জনবল ও লজিস্টিকের অপ্রতুলতার কারণে ডিপিপি কাজের বাস্তবায়ন অগ্রগতি কিছুটা মন্থর। তবে বর্ষা মৌসুমের আগে সামগ্রিক কাজের লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৩) জনাব সরকার মাহমুদ জাবেদ জানান, উন্নয়ন কাজে তদারকি কম হচ্ছে। বিশেষকরে ঠিকাদার কর্তৃক কিউরিং(পানি খাওয়ানো) কাজে ঘাটতি রয়েছে। স্থাপনার স্থায়িত্ব বাড়াতে নির্দিষ্টমাত্রা ও সময়পর্যন্ত কিউরিং নিশ্চিতে তদারকি জোরদারের জন্য প্রকৌশল বিভাগকে পরামর্শ প্রদান করেন। এছাড়া ঠিকাদার উন্নয়ন কাজ শুরুকালে কাউন্সিলরকে অবহিত না করায় স্থানীয় পর্যায়ে জটিলতা সৃষ্টি হয়- মর্মে জানান।

এক প্রশ্নের জবাবে প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, অর্থ সংকুলানের অভাবে রাজস্ব তহবিলের আওতায় উন্নয়ন প্রকল্প গ্রহণে সীমাবদ্ধতা রয়েছে। বড় বড় ড্রেন, খাল খনন প্রকল্প ডিপিপি/দাতা সংস্থা সহায়তা খাত হতে বাস্তবায়ন করা সম্ভব। তাই এ ধরণের উন্নয়ন কাজের তালিকা(যদি থাকে) প্রকৌশল বিভাগে দাখিলের জন্য সম্মানিত সকল কাউন্সিলরকে অনুরোধ জানান। তিনি জানান, ডিপিপি'র আওতায় চলমান কয়েকটি উন্নয়ন কাজ যেমন-টমছমব্রীজ খালের উন্নয়ন কাজের গতি ধীর। এ কাজে ঠিকাদারের শৈথিল্য পরিলক্ষিত হচ্ছে। নির্ধারিত সময়ে কাজটি বাস্তবায়নে মেয়র মহোদয়ের হস্তক্ষেপ কামনা করেন। তিনি আরও বলেন, ডিপিপি'র আওতায় গৃহীত উন্নয়ন প্রকল্পের সংশোধন/কাঁটছাঁট দীর্ঘসময় সাপেক্ষ হয়। তাই ডিপিপি'র আওতায় গৃহীত কোনো উন্নয়ন কাজের সংশোধন/কাঁটছাঁটের যৌক্তিকতা বা প্রয়োজনীয়তা থাকলে ৭(সাত) দিনের মধ্যে প্রকৌশল বিভাগে দাখিলের জন্য সকল সদস্যকে অনুরোধ জানান।

**(iv) Re-cast অনুমোদন:** 'কুমিল্লা সিটি কর্পোরেশনের সমন্বিত অবকাঠামো উন্নয়ন' প্রকল্পের প্যাকেজ নং CuCC/CIDP/2021-2022/w-029, Tender ID No. 677460 কাজের প্রাক্কলিত মূল্য ৪,২২,৮৪,২৩৮.০৮/-টাকা, সংশোধিত প্রাক্কলিত মূল্য ৩,৭৯,২৮,০৮৬.৮৮/-টাকা, পার্থক্য ১,৩২,৭২৫.৯১/-টাকা, যা ০.৩৫% কম- ইহা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

০১। প্রস্তাবিত ১২টি প্রাক্কলন সভায় সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী দরপত্র আহ্বান/কোটেশনের মাধ্যমে কাজ বাস্তবায়নের জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ করা হলো।

০২। সিটি কর্পোরেশনের বিদ্যমান জনবল ও লজিস্টিক দক্ষতা, পরিকল্পিত ও সর্বোচ্চ ব্যবহারের মাধ্যেমে ডিপিপি'র কাজ সময়মত বাস্তবায়ন ও টেকশই নিশ্চিতকরণে প্রকৌশল বিভাগের সকল কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হলো।

০৩। ডিপিপি'র আওতায় গৃহীত উন্নয়ন প্রকল্পের সংশোধনের যৌক্তিকতা বা প্রয়োজনীয়তা থাকলে ৭(সাত)দিনের মধ্যে প্রস্তাব প্রকৌশল বিভাগে দাখিলের জন্য সম্মানিত কাউন্সিলরগণকে অনুরোধ করা হলো।

০৪। Re-cast প্যাকেজ নং CuCC/CIDP/2021-2022/w-029, Tender ID No. 677460 উন্নয়ন কাজের সংশোধিত প্রাক্কলন ৩,৭৯,২৮,০৮৬.৮৮/-টাকা সভায় সর্বসম্মতভাবে অনুমোদন প্রদান করা হয়।

কাউন্সিলর (সকল)
প্রধান প্রকৌশলী
নির্বাহী প্রকৌশলী
প্রকৌশলী সহকারী প্রকৌশলী (সকল)

| | | | |
|---|---|---|---|
| ০৫. | <u>**শাখাভিত্তিক আলোচনা:**</u><br>(ক) <u>**বর্জ্য ব্যবস্থাপনা**</u>: **মশক নিধন:** সম্মানিত কাউন্সিলর(ওয়ার্ড নং ২৬) ও বর্জ্য ব্যবস্থাপনা কমিটির সভাপতি জনাব মো: আব্দুস সত্তার জানান, মশার উপদ্রব অসহনীয়। মশার ওষুধ প্রয়োগ হচ্ছে, নিয়ন্ত্রণ করা যাচ্ছে না। জনবল, ওষুধ, স্প্রে মেশিন ও লজিস্টিকের স্বল্পতা রয়েছে। অচল মেশিনগুলো মেরামত করা প্রয়োজন। সম্মানিত কাউন্সিলর(ওয়ার্ড নং ১২)জনাব কাজী জিয়াউল হক নিয়মিত মশার ওষুধ ছিঁটানোর জন্য ওয়ার্ডভিত্তিক ফগার মেশিন বরাদ্দের প্রস্তাব করেন। এছাড়া ওষুধের মান নিয়েও তিনি প্রশ্ন উত্থাপন করেন।<br>সভাপতি মশা নিয়ন্ত্রণের ওপর গুরুত্বারোপ করে বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, শুধু ওষুধ ছিঁটিয়ে মশা নিয়ন্ত্রণ সম্ভব নয়। তাছাড়া মাত্রাতিরিক্ত ওষুধ ব্যবহারে পরিবেশ-প্রতিবেশের ওপর বিরুপ প্রভাব পড়ে। বাড়ি-ঘর, আঙ্গিনা, আশপাশের ঝোঁপঝাঁড়, পতিত পুকুর, নালা, ডোবা পরিষ্কার-পরিচ্ছন্ন থাকলে মশার প্রজননক্ষেত্র বিনাশ হয় এবং অনেকাংশে এটি নিয়ন্ত্রিত থাকে। তাই নিজ নিজ বাড়ি-ঘরের পরিচ্ছন্নতা কাজে নাগরিকদের উদ্বুদ্ধ করার জন্য সম্মানিত সকল কাউন্সিলরকে অনুরোধ জানান। এছাড়া প্রত্যেক ওয়ার্ডে ০১(এক)টি করে ফগার মেশিন এবং মানসম্পন্ন প্রয়োজনীয় কার্যকরী ওষুধ সংস্থানের যথাযথ ব্যবস্থা নিতে প্রধান নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করেন।<br>**(খ) সড়ক বাতি:** সম্মানিত কাউন্সিলর(ওয়ার্ড নং ২৫) জনাব মো: এমদাদুউল্লাহ জানান, সড়ক বাতির বিড়ম্বনা কমছে না। চাহিদা দেওয়া হয়, তাগাদা দেওয়া হয়, সময়মত বাতি পাওয়া যায় না। এছাড়া ওয়ার্ড কার্যালয়ে কালার প্রিন্টার সরবরাহের ত্বরিত ব্যবস্থা নিতে সভাপতির মনোযোগ আকর্ষণ করেন।<br>(গ) **জনবল কাঠামো:** সম্মানিত কাউন্সিলর(ওয়ার্ড নং ২১) জনাব কাজী মাহবুবুর রহমান জানান, কুমিল্লা সিটি কর্পোরেশনের জনবল কাঠামো অনুমোদনের দীর্ঘসূত্রিতার কারণে জনবল নিয়োগ করা যাচ্ছে না। ফলে জনবলের অভাবে প্রত্যাশিত নাগরিকসেবা প্রদান ব্যাহত হচ্ছে। জনবল কাঠামোর সর্বশেষ তথ্য অনুযায়ী, সংস্থাপন ও অর্থমন্ত্রণালয়ের সম্মতিকৃত প্রস্তাবিত জনবল কাঠামোতে ওয়ার্ড সচিব, কসাইখানা পরিদর্শকসহ আরও গুরুত্বপূর্ণ কিছু পদ সংরক্ষণ নেই। তাছাড়া প্রকৌশল বিভাগেও প্রয়োজনীয় সংখ্যক পদ(নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী)সংরক্ষণ করা হয়নি। এতে পুর্তকাজে বিড়ম্বনা হতে পারে। তাই জনবল কাঠামো আরও পর্যালোচনাক্রমে চাহিদা ও যৌক্তিকতার আলোকে পদসৃজন/পুন:বিন্যাসের ব্যবস্থা নিতে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।<br>এ প্রসঙ্গে প্রধান নির্বাহী কর্মকর্তা জানান, জনবল কাঠামো অনুমোদন চূড়ান্তকরণে একাধিক মন্ত্রণালয়ের সংশ্লেষ রয়েছে বিধায় স্বভাবত:ই এটি সময়সাপেক্ষ। সিটি কর্পোরেশন থেকে মন্ত্রণালয় পর্যায়ে সর্বোচ্চ যোগাযোগ ও তৎপরতায় অনুমোদন প্রক্রিয়া চূড়ান্ত পর্যায়ে রয়েছে। জরুরি যে সকল পদ জনবল কাঠামো সংরক্ষণ করা হয়নি, সেগুলো পুন:যাচাই-বাছাইক্রমে ঘাটতি ও যৌক্তিকতার নিরিখে পরবর্তীতে পদসৃজনের সুযোগ রয়েছে। সভাপতি কুমিল্লা সিটি কর্পোরেশনের জনবল কাঠামো চূড়ান্ত অনুমোদনে আরও কার্যকর উদ্যোগ ও যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করেন। | ০১। সিটি কর্পোরেশনের ২৭টি ওয়ার্ডের জন্য ২৭টি ফগার মেশিন সংস্থানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। এ লক্ষ্যে বিদ্যমান মেশিনগুলো মেরামত ও নতুন মেশিন ক্রয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। এছাড়া অন্যান্য সিটি কর্পোরেশনের সাথে যোগাযোগক্রমে মশা নিয়ন্ত্রণে কার্যকরি প্রয়োজনীয় ওষুধ সংস্থান করতে হবে। মশা নিয়ন্ত্রণে বাড়ি-ঘর, আঙ্গিনা ও আশপাশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্য এ সংক্রান্ত একটি গণবিজ্ঞপ্তি প্রচার করা হবে।<br><br>০২। চাহিদাপত্র অনুযায়ী ওয়ার্ডপর্যায়ে নিয়মিত মানসম্পন্ন বৈদ্যুতিক উপকরণ সরবরাহ নিশ্চিত করতে অনুরোধ করা হলো।<br><br>০৩। নিরবচ্ছিন্ন নাগরিক সেবা নিশ্চিতকরণে জনবল কাঠামো চূড়ান্ত অনুমোদনে আরও কার্যকর উদ্যোগ গ্রহণের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | প্রধান নির্বাহী কর্মকর্তা<br>প্রধান প্রকৌশলী<br>প্রধান স্বাস্থ্য কর্মকর্তা<br>সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)<br>প্রশাসনিক কর্মকর্তা<br>কঞ্জারভেন্সি কর্মকর্তা |
| ০৬. | **কুমিল্লা সিটি কর্পোরেশনের বিদ্যমান হোল্ডিং ট্যাক্স পুন:নির্ধারণ/বৃদ্ধিকরণ এবং সিটি কর্পোরেশন আদর্শ কর তফসিল, ২০১৬ এর বিধান অনুযায়ী বার্ষিক <u>কর মূল্যায়নের ওপর স্বাস্থ্য কর আরোপ সংক্রান্ত</u>:** প্রধান রাজস্ব কর্মকর্তা জনাব মো: মোস্তাফিজুর রহমান জানান, সিটি কর্পোরেশনের ট্যাক্স পরিশোধে নাগরিকদের সচেতন ও উদ্বুদ্ধকরণে সিফরসি প্রকল্প লিফলেট প্রকাশের উদ্যোগ গ্রহণ করেছে। এতে বিভিন্ন সিটি কর্পোরেশনে কর এর রেইট/হার তুলনামূলক তথ্য দেওয়া হবে। কুমিল্লা সিটি কর্পোরেশনের বিদ্যমান কর এর রেইট/হার বার্ষিক মূল্যায়নের ওপর শতকরা ১৭ ভাগ(গৃহকর ৭%, ময়লা নিষ্কাশন ৭%, লাইটিং ২%, পানি ১% মোট ১৭%)। তাছাড়া সিটি কর্পোরেশন আদর্শ কর তফসিল, ২০১৬ এর বিধান অনুযায়ী বার্ষিক কর মূল্যায়নের ওপর স্বাস্থ্য কর আরোপের বিধান রয়েছে, যা বর্তমানে এ সিটি | ০১। সিটি কর্পোরেশনের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বিদ্যমান পৌরকর বৃদ্ধি/পুন:মূল্যায়ন এবং স্বাস্থ্যকর আরোপ করা যায় কিনা, এতদসংক্রান্ত বিষয়ে পরবর্তী সভায় প্রতিবেদন আকারে মতামত প্রদানে জন্য কর নির্ধারণ ও আদায় বিষয়ক স্থায়ী কমিটিকে অনুরোধ করা হলো। | স্থায়ী কমিটির সভাপতি ও সদস্য সচিব |

| | | | |
|---|---|---|---|
| | কর্পোরেশনে আরোপ করা হয়নি। এ সকল বিষয়ে মতামত প্রদানের জন্য সম্মানিত সদস্যদের অনুরোধ জানান।<br>প্রধান নির্বাহী কর্মকর্তা জানান, বিভিন্ন সিটি কর্পোরেশনে কর এর রেইট/হার ভিন্নতা রয়েছে। পর্যালোচনা করে দেখা গেছে কুমিল্লা সিটি কর্পোরেশনে অন্যান্য সিটি কর্পোরেশনের তুলনায় ন্যূনতম হারে কর আদায় করা হচ্ছে। কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতাদি ও পরিচালন ব্যয় নির্বাহে সিটি কর্পোরেশনে আর্থিক সক্ষমতা বাড়ানো প্রয়োজন। তাছাড়া বৈশ্বিক পরিস্থিতি বিবেচনা ও নিরবচ্ছিন্ন যুৎশই নাগরিকসেবা প্রদানে বিদ্যমান কর পুন:মূল্যায়ন তথা কর বৃদ্ধি করার যৌক্তিকতা রয়েছে, যা পরবর্তী জেনারেল এসেসমেন্ট থেকে কার্যকর হতে পারে। সভায় এ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এতদবিষয়ে মতামত ও সুপারিশ প্রদানের জন্য সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট স্থায়ী কমিটিকে (কর নির্ধারণ ও আদায় বিষয়ক কমিটি) অনুরোধ করা হলো। | | |
| ০৭. | **বিবিধ:** (ক) **নাগরিক সনদ প্রদানে পৌরকর পরিশোধ:** প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, বকেয়া পৌরকর আদায় হচ্ছে না। নাগরিকদের মধ্যে এক্ষেত্রে অনিহা বা শৈথিল্য পরিলক্ষিত। অভিজ্ঞতা থেকে দেখা যায়, নাগরিক সনদ বা যেকোনো সেবা প্রদানকালে সরকারি পাওনা বা পৌরকর হালনাগাদ নিশ্চিত করা হলে এক্ষেত্রে সুফল পাওয়া যায়। তাই নাগরিক সনদ প্রদানকালে পৌরকর হালনাগাদকরণ বাধ্যবাধকতা করার প্রস্তাব করেন। বিদ্যমান অনলাইন নাগরিক সনদ ইস্যু সিস্টেমে এটি নিশ্চিত করা সম্ভব। সম্মানিত কাউন্সিলর(ওয়ার্ড নং ১২)জনাব কাজী জিয়াউল হক জানান, নাগরিকসনদ প্রদানে বকেয়া কর আদায় বাধ্যবাধকতা করা হলে সেবা বিঘ্নিত ও জনঅসন্তোষ হতে পারে। তাই এটি এখনই বাধ্যবাধকতা না করে কর প্রদানে নাগরিকদের উদ্বুদ্ধকরণ, সচেতনতাবৃদ্ধি এবং একটা পর্যায়ে এ প্রক্রিয়া অবলম্বনের পরামর্শ প্রদান করেন। সম্মানিত কাউন্সিলর(সংরক্ষিত আসন ওয়ার্ড নং ১৩, ১৪, ১৫) বেগম নূরজাহান আলম(পুতুল) এ প্রস্তাবের সাথে একমত পোষণ করেন, তবে সিটি কর্পোরেশনের সক্ষমতা বৃদ্ধিতে নাগরিক সনদ ব্যতিত অন্যান্য যেমন- জন্মসনদ, ওয়ারিশ সনদ, বৈবাহিক সনদ, পারিবারিক সনদ, আয়-ব্যয় সনদ, যাবতীয় প্রত্যয়নপত্র ইত্যাদি সনদ প্রদানের ক্ষেত্রে পৌরকর পরিশোধ হালনাগাদ নিশ্চয়তা বিধান করা যেতে পারে। এতে পৌরকর প্রদানে নাগরিকদের মধ্যে নিয়মিত অভ্যাস বা চর্চা জাগ্রত হবে। | ০১। সিটি কর্পোরেশনের আর্থিক সক্ষমতা বৃদ্ধির জন্য নাগরিক সনদসহ সকল প্রকার সনদ ও প্রত্যয়ন প্রদানকালে পৌরকর হালনাগাদ পরিশোধ আছে কিনা- এটি যাচাইকরত: গ্রাহককে কর পরিশোধে তাগাদা প্রদান ও উদ্বুদ্ধকরণে সম্মানিত সকল কাউন্সিলরকে অনুরোধ করা হলো। অনলাইন সিস্টেমে এ অপসন স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান নির্বাহী কর্মকর্তা<br>কাউন্সিলর (সকল)<br>সচিব<br>প্রধান রাজস্ব কর্মকর্তা<br>প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা<br>আইটি কর্মকর্তা<br>এসেসমেন্ট কর্মকর্তা<br>বাজার কর্মকর্তা<br>ওয়ার্ড সচিব(সকল) |
| | (খ) **পাড়া-মহল্লায় শান্তি-শৃঙ্খলা সংক্রান্ত:** সম্মানিত কাউন্সিলর(ওয়ার্ড নং ১২)জনাব কাজী জিয়াউল হক জানান, শহরের বিভিন্ন পাড়া-মহল্লায় জননিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। চুরি, ছিনতাই, টোকাই, মাদকের উপদ্রব বেড়েই চলছে। বাসস্ট্যান্ডের আশপাশে সড়কে চাদাবাজির ফলে যানজট সৃষ্টি হয়। সম্মানিত কাউন্সিলর(ওয়ার্ড নং ০২)জনাব গাজী গোলাম ছারোয়ার অনুরূপ অভিমত প্রকাশ করে এটি প্রতিকারে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।<br>এ প্রসঙ্গে প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, সিটি কর্পোরেশনের ইজারাকৃত বাসস্ট্যান্ডে চাদাবাজিসহ অন্যান্য অনিয়ম বন্ধে নিয়মিত মনিটরিং হচ্ছে। বাসস্ট্যান্ডের বাইরে সড়কে টোকেন/চাদাবাজির প্রমাণ পাওয়া গেছে। এ সংক্রান্ত ভিডিও ফুটেজও আছে।<br>সভাপতি বলেন, সড়কে সিটি কর্পোরেশনের নামাঙ্কিত টোকেন চাদাবাজির কারণে আমরা বিব্রত। যেকোনো মূল্যে এটি বন্ধ করতে হবে। পুকুরভরাটে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অনুমতির বাধ্যবাধকতা রয়েছে। কিন্তু লক্ষ্যণীয় যে, বিভিন্ন ওয়ার্ডে অবাধে পুকুরভরাট হচ্ছে। ফলে শহরে জলাবদ্ধতা, পয়:নিষ্কাশন ও পরিবেশের ওপর বিরূপ প্রভাব পড়ছে। এ অনিয়ম রোধে সকলের সহযোগিতা চান। এ সকল অনিয়ম পর্যবেক্ষণ, তথ্য সংগ্রহ ও প্রতিকারে ওয়ার্ড কাউন্সিলর ও কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করবেন- মর্মে সভায় অবহিত করেন। | ০২। শহরের বিভিন্ন পাড়া-মহল্লায় চুরি, ছিনতাই, মাদকসহ জননিরাপত্তা বিঘ্ন নিয়ে সভায় উষ্মা প্রকাশ করা হলো। এ বিষয়টি জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় উপস্থাপনের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করা হয়। এছাড়া বাসস্ট্যান্ডের বাইরে সিটি কর্পোরেশনের নামে টোকেন চাদাবাজির বন্ধে ভ্রাম্যমান আদালত পরিচালনাসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| | (গ) **ওয়ার্ড সচিবদের দায়িত্ব**: সম্মানিত কাউন্সিলর(ওয়ার্ড নং ২৬) জনাব মো: আব্দুস সত্তার বলেন, ডিজিটাল প্রযুক্তির ব্যবহারে আরও স্মার্ট হওয়া চাই। সিটি কর্পোরেশনসহ বিভিন্ন দপ্তরের পত্র-তথ্যাদি ইমেইল, ওয়েবসাইটে দেওয়া থাকে। এ সকল পত্র-তথ্যাদি কাউন্সিলরগণের তাৎক্ষণিক জানা জরুরি। কিন্তু ওয়ার্ড সচিবদের মধ্যে এ কাজে কিছুটা শৈথিল্য পরিলক্ষিত। ফলে | ০৩। সিটি কর্পোরেশনের ওয়ার্ড সচিবসহ সকল কর্মকর্তা-কর্মচারী নিয়মিত ইমেইল চেক, ওয়েবসাইট পর্যবেক্ষণ করবেন এবং চিঠি-পত্রাদি সম্মানিত কাউন্সিলর ও সংশ্লিষ্ট কর্মকতাগণকে অবহিত করতে অনুরোধ করা হলো। | |

| | | | |
|---|---|---|---|
| | কাউন্সিলরগণ সময়মত সভায় উপস্থিত ও অন্যান্য সেবা বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ব্যাহত হয়। তাই নিরবচ্ছিন্ন নাগরিকসেবা প্রদান ও সকল কাজে সময়মত অংশগ্রহণের লক্ষ্যে নিয়মিত ওয়েবসাইট, ইমেইল চেক করে দাপ্তরিক পত্র-তথ্যাদি স্ব স্ব কাউন্সিলরকে তাৎক্ষণিক অবহিত করার জন্য সকল ওয়ার্ড সচিবকে পরামর্শ প্রদান করেন।<br><br>(ঘ) **টিসিবি পণ্য:** সম্মানিত কাউন্সিলর(ওয়ার্ড নং ২৭) জনাব মো: আবুল হাসান টিসিবি পণ্য সামগ্রী প্রদানের তথ্য জানতে চেয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। সম্মানিত কাউন্সিলর(ওয়ার্ড নং ০২) জনাব গাজী গোলাম ছারোয়ার টিসিবি পণ্য সরবরাহের বিড়ম্বনা এঁড়াতে বিদ্যমান কার্ডের কালার পরিবর্তনপূর্বক ভিন্ন কালারের কার্ড ইস্যুর প্রস্তাব করেন। সম্মানিত কাউন্সিলর(ওয়ার্ড নং ১১) ও মেয়রের প্যানেল সদস্য-০১ জনাব হাবিবুর আল-আমিন সাদী জানান, টিসিবি পণ্য সরবরাহ সরকারের একটি নিয়মিত কর্মসূচি। এটি চলমান থাকবে। বিদ্যমান টিসিবি কার্ড সংরক্ষণ ও যাচাই-বাছাইয়ে আরও স্বচ্ছতা প্রয়োজন। এ লক্ষ্যে প্রচলতি রেশনকার্ড/বহি: এর আদলে উপকারভোগীর ছবিসহ টিসিবি কার্ড/বহি: তৈরীর প্রস্তাব করেন।<br><br>(ঙ) **এসেসমেন্ট রিভিউবোর্ড সদস্যদের সম্মানি ও আনুষাঙ্গিক ব্যয় সংক্রান্ত:** করনির্ধারণ কর্মকর্তা জনাব মো: ইকবাল হোসেন ভুইয়া'র ২৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের আবেদন সভায় উপস্থাপন করা হয়। অঞ্চল-০৩ আওতাধীন ০৯টি ওয়ার্ডের (১৯নং থেকে ২৭নং ওয়ার্ড) ৩য় পঞ্চবার্ষিকী জেনারেল এসেসমেন্ট (২০২২-২০২৩ থেকে ২০২৬-২০২৭) কার্যক্রম সম্পন্ন হয়েছে। এসেসমেন্ট রিভিউবোর্ড সদস্যদের সম্মানিভাতা ও আনুষাঙ্গিক খরচ বাবত ৫,৯৩,৪০০/-(পাঁচ লক্ষ তিরানব্বই হাজার চারশত) টাকা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | ০৪। টিসিবি পণ্য সামগ্রী ওয়ার্ড পর্যায়ে সুষ্ঠুভাবে প্রদানের লক্ষ্যে জেলা প্রশাসনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ বজায় রাখার জন্য অনুরোধ করা হলো। প্রচলিত রেশন কার্ড/বহি:র আদলে টিসিবি কার্ড তৈরীর বিষয়টি খতিয়ে দেখে কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>০৫।অঞ্চল-০৩আওতাধীন ০৯টি ওয়ার্ডের ৩য় পঞ্চবার্ষিকী জেনারেল এসেসমেন্ট (২০২২-২০২৩ থেকে ২০২৬-২০২৭) কার্যক্রমে রিভিউবোর্ড সদস্যদের সম্মানিভাতা ও আনুষাঙ্গিক খরচ বাবত প্রস্তাবিত ৫,৯৩,৪০০/-(পাঁচ লক্ষ তিরানব্বই হাজার চারশত)টাকা সভায় সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। রিভিউবোর্ড সভার হাজিরা, কার্যবিবরণী, শুনানী কাগজাদি, যাবতীয় তালিকা, বিল-ভাউচার ইত্যাদি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। | |

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আরফানুল হক রিফাত
মেয়র
কুমিল্লা সিটি কর্পোরেশন
ফোন: ০৮১ ৭৬০৯৯
ইমেইল: coccbd@gmail.com
তারিখ: ২৬/০২/২০২৩খ্রি.

স্মারক নং ৪৬.১৭.১৯.৫০.০১৫.০০.১২৮.২০২২.৫১৫(১০০)

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃষ্টি আকর্ষণ: উপসচিব, সিটি কর্পোরেশন-১ শাখা)
০২। জনাব/বেগম ............................................................................কাউন্সিলর...........নং ওয়ার্ড, কুমিল্লা সিটি কর্পোরেশন
০৩। সচিব, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৪। বিভাগ প্রধান (সকল)..................................................................., কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৫। আইটি কর্মকর্তা, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা(সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৬। শাখা প্রধান (সকল).................................................................., কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৭। পিএটু মেয়র, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৮। রেকর্ড কিপার, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৯। সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল

২৬/০২/২০২৩

ড. সফিকুল ইসলাম
প্রধান নির্বাহী কর্মকর্তা
কুমিল্লা সিটি করপোরেশন
ফোন: ০৮১ ৬৮৭২০
মোবাইল: ০১৭১১ ৩১০৮৯৫

কুমিল্লা সিটি কর্পোরেশনের ২৬/০২/২০২৩খ্রি: তারিখের মাসিক সভার কার্যবিবরণী

পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সিটি কর্পোরেশনের কাউন্সিলরবৃন্দ(স্বাক্ষরের ক্রমানুসারে):

| ক্রমিক | নাম | পদবী |
|---|---|---|
| ১. | বেগম কাউছারা বেগম | সংরক্ষিত আসনের কাউন্সিলর ও মেয়রের প্যানেল সদস্য-০৩ |
| ২. | বেগম নাদিয়া নাসরিন | সংরক্ষিত আসনের কাউন্সিলর |
| ৩. | বেগম উম্মে কুলসুম | ,, |
| ৪. | বেগম রুমা আক্তার | ,, |
| ৫. | বেগম নূর জাহান আলম(পুতুল) | ,, |
| ৬. | বেগম নেহার বেগম | ,, |
| ৭. | বেগম তাহমিনা আক্তার | ,, |
| ৮. | বেগম ফারহানা পারভীন | ,, |
| ৯. | বেগম শাহীন আক্তার | ,, |
| ১০. | জনাব গাজী গোলাম ছারোয়ার | ,, |
| ১১. | জনাব সরকার মাহমুদ জাবেদ | ,, |
| ১২. | জনাব মো: নাছির উদ্দিন নাজিম | ,, |
| ১৩. | সৈয়দ রায়হান আহমেদ | ,, |
| ১৪. | জনাব মো: আমিনুল ইকরাম | ,, |
| ১৫. | জনাব আব্দুর রহমান | ,, |
| ১৬. | জনাব মোহাম্মদ একরাম হোসেন | ,, |
| ১৭. | জনাব জমীর উদ্দিন খান জম্পি | ,, |
| ১৮. | জনাব মো: মনজুর কাদের(মনি) | সাধারণ আসনের কাউন্সিলর ও মেয়রের প্যানেল সদস্য-০২ |
| ১৯. | জনাব হাবিবুর আল-আমিন সাদী | সাধারণ আসনের কাউন্সিলর ও মেয়রের প্যানেল সদস্য-০১ |
| ২০. | জনাব কাজী জিয়াউল হক | সাধারণ আসনের কাউন্সিলর |
| ২১. | জনাব মো: রাজিউর রহমান | ,, |
| ২২. | জনাব আবুল কালাম আজাদ | ,, |
| ২৩. | জনাব সাইফুল বিন জলিল | ,, |
| ২৪. | জনাব মো: জাহাঙ্গীর হোসেন বাবুল | ,, |
| ২৫. | জনাব হানিফ মাহমুদ | ,, |
| ২৬. | জনাব মোহাম্মদ শওকত আকবর | ,, |
| ২৭. | জনাব মো: রেজাউল করিম | ,, |
| ২৮. | জনাব মো: আনোয়ার হোসেন | ,, |
| ২৯. | জনাব কাজী মাহবুবুর রহমান | ,, |
| ৩০. | জনাব মো: আজাদ হোসেন | ,, |
| ৩১. | জনাব মো: আনিসুজ্জামান | ,, |
| ৩২. | জনাব মো: মহিবুর রহমান | ,, |
| ৩৩. | জনাব মো: এমদাদুউল্লাহ | ,, |
| ৩৪. | জনাব মো: আব্দুস সত্তার | ,, |
| ৩৫. | জনাব মো: আবুল হাসান | ,, |

সভায় উপস্থিত সিটি কর্পোরেশনের কর্মকর্তাবৃন্দ(স্বাক্ষরের ক্রমানুসারে):

| ক্রমিক | নাম | পদবী |
|---|---|---|
| ১. | ড. সফিকুল ইসলাম | প্রধান নিবাহী কর্মকর্তা |
| ২. | জনাব গৌতম প্রসাদ চৌধুরী | প্রধান প্রকৌশলী |
| ৩. | জনাব মো: মাসুদুর রহমান | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ৪. | জনাব মো: আবু সায়েম ভূইয়া | সচিব(ভারপ্রাপ্ত) |
| ৫. | জনাব মো: মোস্তাফিজুর রহমান | প্রধান রাজস্ব কর্মকর্তা |
| ৬. | জনাব মো: মাঈন উদ্দিন চিশতী | নির্বাহী প্রকৌশলী |

(সম্মানিত কাউন্সিলরবৃন্দ এবং কর্মকর্তাদের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষণ করা হচ্ছে)